# বাংলাদেশের কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর কার্যালয়

## প্রথম খন্ড

**বৃহৎ করদাতা ইউনিট (ভ্যাট) কার্যালয়, ঢাকা।**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয়।**

অর্থ বৎসরঃ ২০০৬-২০০৭

---

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশকৃত।

ক

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের অনুচ্ছেদ ১২৮,কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) এ্যাক্ট, ১৯৭৪ এবং কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল (এ্যাডিশনাল ফাংশন্স) (এমেন্ডমেন্ট) এ্যাক্ট, ১৯৭৫ অনুযায়ী মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর কর্তৃক প্রণীত এ অডিট রিপোর্ট জাতীয় সংসদে উপস্থাপনের লক্ষ্যে সংবিধানের অনুচ্ছেদ ১৩২ অনুযায়ী মহামান্য রাষ্ট্রপতির নিকট পেশ করা হলো।

স্বাক্ষরিত

আহমেদ আতাউল হাকিম
কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল
বাংলাদেশ

তারিখঃ ................................... বঃ / খ্রিঃ

খ

# মহাপরিচালকের বক্তব্য

মহাপরিচালক, স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের নিরীক্ষাধীন অভ্যন্তরীণ সম্পদ বিভাগ, অর্থ মন্ত্রণালয় এর অধীন বৃহৎ করদাতা ইউনিট (ভ্যাট) ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ অর্থ বৎসরের বিশেষ অডিট **৬/৪/২০০৮ হতে ১৯/৬/২০০৮** তারিখ পর্যন্ত সময়ে সম্পন্ন করা হয়। মূল প্রতিবেদনটি ৭/১/০৯ তারিখে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ বরাবর জারী করা হয়। পরবর্তীতে অভ্যন্তরীণ সম্পদ বিভাগের সচিব বরাবর আধা-সরকারি পত্র নং ৬৬৮/রাজস্ব-৫/বিঃনিঃপ্রতিবেদন/২০০৬-০৭/১১৬০ তাং ২২/৩/০৯ জারী করা হয়। উক্ত বিশেষ অডিটের খসড়া রিপোর্টে অন্তর্ভুক্ত অনুচ্ছেদের উপর অভ্যন্তরীণ সম্পদ বিভাগের ১/৬/০৯ তারিখের ব্রডশীট জবাব বিবেচনায় এনে মোট ১৭টি অনুচ্ছেদের বিপরীতে জড়িত অর্থের পরিমাণ ১২৬৫,৮১,৯১,৯২৬/- টাকা সম্বলিত এই অডিট রিপোর্টটি প্রণয়ন করা হয়েছে।

উল্লিখিত প্রতিষ্ঠানের হিসাব নমুনায়নের মাধ্যমে নিরীক্ষা করা হয়েছে। অভ্যন্তরীণ সম্পদ বিভাগের অধীনস্থ প্রতিষ্ঠানসমূহের যে সকল আর্থিক অনিয়ম এই রিপোর্টে অন্তর্ভুক্ত করা হয়েছে তা নিরীক্ষা আওতাধীন সময়ের সমগ্র লেনদেনের যে ক্ষুদ্র অংশ নিরীক্ষা করা হয়েছে তারই প্রতিফলন মাত্র। সুতরাং এ প্রতিবেদনের আপত্তি ও মন্তব্য উদাহরণমূলক এবং প্রতিষ্ঠানসমূহের আর্থিক শৃঙ্খলার পূর্ণাংগ চিত্র নয়। এ রিপোর্টে অন্তর্ভুক্ত অনিয়মগুলি পর্যালোচনা করে প্রতীয়মান হয় যে, নিরীক্ষিত অফিসগুলি কর্তৃক ক্ষেত্র বিশেষে সরকার কর্তৃক জারীকৃত এস আর ও এবং জাতীয় রাজস্ব বোর্ডের আদেশসমূহ যথাযথভাবে পরিপালন না করা, আর্থিক শৃংখলার অভাব এবং অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা পর্যাপ্ত না হওয়ার কারণে অনিয়মগুলি সংঘটিত হয়েছে। এ বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করা হলো।

নিরীক্ষা চলাকালীন উত্থাপিত আপত্তির বিষয়ে স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তরের মহাপরিচালক ও পরিচালকের সাথে কমিশনার এর একাধিকবার আলাপ আলোচনা হয়, যা নিরীক্ষা কার্যক্রমকে সহজতর করে। নিরীক্ষার শেষ দিন কমিশনার এর সভাপতিত্বে অনুষ্ঠিত "Seen & Discuss" সভায় উত্থাপিত আপত্তিসমূহ নিয়ে বিস্তারিত আলোচনা হয়। কমিশনার উত্থাপিত আপত্তির সাথে নীতিগতভাবে একমত পোষণ করেন। নিরীক্ষাকালে অডিটি প্রতিষ্ঠান কর্তৃক সার্বিক সহযোগিতা প্রদানের জন্য আমরা আন্তরিকভাবে কৃতজ্ঞ।

অডিট পর্যবেক্ষণের সাথে জড়িত অর্থ আদায়ের বিষয়ে প্রশাসনিক কর্তৃপক্ষের কার্যক্রম ত্বরান্বিত করা হলে সরকারি কোষাগারে উল্লিখিত রাজস্ব জমা করা সম্ভব।

স্বাক্ষরিত

**মোঃ আবদুল বাছেত খান**
মহাপরিচালক
স্থানীয় ও রাজস্ব অডিট অধিদপ্তর

বঃ
তারিখঃ ................................... খ্রিঃ

# সূচীপত্র


| ক্রঃ নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১. | কম্পট্রোলার এন্ড অডিটর জেনারেল এর প্রত্যয়ন | | ক |
| ২. | মহাপরিচালকের বক্তব্য | | খ |
| ৩. | প্রথম অধ্যায় | | ১ |
| ৪. | অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ | | ৩ |
| ৫. | অডিট বিষয়ক তথ্য | | ৫ |
| ৬. | ম্যানেজমেন্ট ইস্যু | | ৬ |
| ৭. | অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ | | ৬ |
| ৮. | অডিটের সুপারিশ | | ৬ |
| ৯. | দ্বিতীয় অধ্যায়ঃ | | ৭ |
| ১০. | অনুচ্ছেদ নম্বর -১॥ | আগষ্ট,২০০৬ হতে মার্চ,২০০৭ পর্যন্ত সময়ের সিমকার্ড/রিমকার্ড এর বিক্রয়মূল্যের উপর সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করায় রাজস্ব ক্ষতি। | ৯ |
| ১১. | অনুচ্ছেদ নম্বর -২॥ | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কম কর্তন বা কর্তন না করায় রাজস্ব ক্ষতি। | ১০ |
| ১২. | অনুচ্ছেদ নম্বর -৩॥ | কোনরূপ প্রমাণক ব্যতীত রেয়াত গ্রহণের ফলে রাজস্ব ক্ষতি। | ১১ |
| ১৩. | অনুচ্ছেদ নম্বর -৪॥ | ব্যাংকি ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সার্ভিস/সেবার বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় রাজস্ব ক্ষতি। | ১২ |
| ১৪. | অনুচ্ছেদ নম্বর -৫॥ | প্রকৃত বিক্রয় অপেক্ষা কম বিক্রয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় রাজস্ব ক্ষতি । | ১৩ |
| ১৫. | অনুচ্ছেদ নম্বর -৬॥ | স্থানীয়ভাবে ক্রয় বা আমদানীকৃত কাচামালের মূল্য বৃদ্ধি সত্ত্বেও মূল্য ঘোষণার সংশোধনী বা পুনঃ মূল্য ঘোষণা প্রদান না করে বর্দ্ধিত মূল্যে উপকরণ ক্রয় দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি । | ১৪ |
| ১৬. | অনুচ্ছেদ নম্বর -৭॥ | পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও উপকরণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি । | ১৫ |
| ১৭. | অনুচ্ছেদ নম্বর -৮॥ | প্রসেসিং ফ্যাক্টরী হতে প্রক্রিয়াজাতকৃত তামাক বিক্রয়কালে বিক্রয়মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদান না করায় রাজস্ব ক্ষতি । | ১৬ |
| ১৮. | অনুচ্ছেদ নম্বর -৯॥ | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূল্য সংযোজন কর বাবদ রাজস্ব ক্ষতি । | ১৭ |

| ক্রঃ নং | বিবরণ | | পৃষ্ঠা নম্বর |
|---|---|---|---|
| ১৯. | অনুচ্ছেদ নম্বর -১০॥ | জ্বালানী তেলের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন না করায় রাজস্ব ক্ষতি । | ১৮ |
| ২০. | অনুচ্ছেদ নম্বর -১১॥ | চিনির উপর মূল্য সংযোজন কর প্রযোজ্য না থাকা সত্ত্বেও চিনি ক্রয় দেখিয়ে অনিয়মিতভাবে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ১৯ |
| ২১. | অনুচ্ছেদ নম্বর -১২॥ | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে উৎসে মূল্য সংযোজন কর কর্তন করায় রাজস্ব ক্ষতি। | ২০ |
| ২২. | অনুচ্ছেদ নম্বর -১৩॥ | অন্য প্রতিষ্ঠান থেকে ধার গ্রহণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি | ২১ |
| ২৩. | অনুচ্ছেদ নম্বর -১৪॥ | অন্য প্রতিষ্ঠানের নামে আমদানীকৃত পণ্যের বিপরীতে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ২২ |
| ২৪. | অনুচ্ছেদ নম্বর -১৫॥ | অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য বিক্রয় প্রদর্শন করায় রাজস্ব ক্ষতি। | ২৩ |
| ২৫. | অনুচ্ছেদ নম্বর -১৬॥ | ঢাকা টোবাকো ইন্ডাষ্ট্রিজ লিঃ কর্তৃক উৎপাদন উপকরণ ধার পরিশোধ দেখিয়ে ক্রয়/ উৎপাদন রেজিষ্টারে ব্যয় দেখানোর কারণে রাজস্ব ক্ষতি। | ২৪ |
| ২৬. | অনুচ্ছেদ নম্বর -১৭॥ | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে কর্তনকৃত মূল্য সংযোজনকর বিলম্বে জমা দানের ক্ষেত্রে ২% হারে অতিরিক্ত কর আদায় যোগ্য। | ২৫ |
| ২৭. | **মহাপরিচালকের স্বাক্ষর** | | ২৫ |

# প্রথম অধ্যায়

## (অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ ও ম্যানেজমেন্ট ইস্যু)

# অডিট অনুচ্ছেদের সার-সংক্ষেপ

| অনুচ্ছেদ নং | আপত্তির শিরোনাম | জড়িত টাকা |
|---|---|---|
| ১. | আগষ্ট,২০০৬ হতে মার্চ,২০০৭ পর্যন্ত সময়ের সিমকার্ড/রিমকার্ড এর বিক্রয়মূল্যের উপর সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করায় রাজস্ব ক্ষতি । | ৭৪১,৬১,০০,৫৪৩/- |
| ২. | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কম কর্তন বা কর্তন না করায় রাজস্ব ক্ষতি। | ২০৬,০৭,১৬,১০৩/- |
| ৩. | কোনরূপ প্রমাণক ব্যতীত রেয়াত গ্রহণের ফলে রাজস্ব ক্ষতি। | ৮৮,১৯,০৪,৫৩১/- |
| ৪. | ব্যাংকি ও ননব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সার্ভিস/সেবার বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় রাজস্ব ক্ষতি । | ৫৮,৮৫,৬১,৭৭৫/- |
| ৫. | প্রকৃত বিক্রয় অপেক্ষা কম বিক্রয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় রাজস্ব ক্ষতি । | ৪৫,৪৭,৯১,২৫০/- |
| ৬. | স্থানীয়ভাবে ক্রয় বা আমদানীকৃত কাচামালের মূল্য বৃদ্ধি সত্ত্বেও মূল্য ঘোষণার সংশোধনী বা পুনঃ মূল্য ঘোষণা প্রদান না করে বর্দ্ধিত মূল্যে উপকরণ ক্রয় দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি | ৪২,৬২,০৯,১১৬/- |
| ৭. | পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও উপকরণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি । | ৪০,৪৪,৪৩,৬৭৭/- |
| ৮. | প্রসেসিং ফ্যাক্টরী হতে প্রক্রিয়াজাতকৃত তামাক বিক্রয়কালে বিক্রয়মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদান না করায় রাজস্ব ক্ষতি । | ৩৩,৭২,৪৭,৬২৬/- |
| ৯. | প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূল্য সংযোজন কর বাবদ রাজস্ব ক্ষতি । | ৬,৮৫,৬৩,৭৩৯/- |
| ১০. | জ্বালানী তেলের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন না করায় রাজস্ব ক্ষতি । | ৯৮,৫৮,৩৩৩/- |
| ১১. | চিনির উপর মূল্য সংযোজন কর প্রযোজ্য না থাকা সত্ত্বেও চিনি ক্রয় দেখিয়ে অনিয়মিতভাবে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ৪৯,৭২,২৩৭/- |
| ১২. | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে উৎসে মূল্য সংযোজন কর কর্তন করায় রাজস্ব ক্ষতি । | ১৩,০৯,০৩১/- |
| ১৩. | অন্য প্রতিষ্ঠান থেকে ধার গ্রহণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি । | ৯,৭৯,৯৫৪/- |
| ১৪. | অন্য প্রতিষ্ঠানের নামে আমদানীকৃত পন্যের বিপরীতে রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি। | ৮,৩৯,৭৮৫/- |
| ১৫. | অনুমোদিত মূল্য অপেক্ষা কমমূল্যে পণ্য বিক্রয় প্রদর্শন করায় রাজস্ব ক্ষতি। | ৭,৮৩,৪১৩/- |
| ১৬. | ঢাকা টোবাকো ইন্ডাষ্ট্রিজ লিঃ কর্তৃক উৎপাদন উপকরণ ধার পরিশোধ দেখিয়ে ক্রয়/ উৎপাদন রেজিষ্টারে ব্যয় দেখানোর কারণে রাজস্ব ক্ষতি । | ৬,৪৪,৮৯৭/- |
| ১৭. | সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে কর্তনকৃত মূল্য সংযোজন কর বিলম্বে জমা দানের ক্ষেত্রে ২% হারে অতিরিক্ত কর আদায়যোগ্য। | ২,৬৫,৯১৬/- |
| | সর্বমোট= | ১২৬৫,৮১,৯১,৯২৬/- |

# অডিট বিষয়ক তথ্য

| | | |
|---|---|---|
| নিরীক্ষা অর্থ বৎসর | ঃ | ২০০৬-২০০৭ |
| নিরীক্ষিত প্রতিষ্ঠান | ঃ | বৃহৎ করদাতা ইউনিট (ভ্যাট ) ঢাকা |
| নিরীক্ষার প্রকৃতি | ঃ | বিশেষ নিরীক্ষা। |
| নিরীক্ষার সময় | ঃ | ৬/৪/২০০৮ হতে ১৯/৬/২০০৮। |
| নিরীক্ষা পদ্ধতি | ঃ | |

- সংশ্লিষ্ট নথিসমূহ পর্যালোচনা
- নিরীক্ষা জিজ্ঞাসার মাধ্যমে বাস্তব নিরীক্ষা।
- পর্যবেক্ষণ।
- প্রয়োজনে সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ আলোচনার মাধ্যমে তথ্য সংগ্রহ।

**অডিট রিপোর্ট প্রণয়নে ও সার্বিক তত্ত্বাবধানে যারা ছিলেন ঃ**

| | | |
|---|---|---|
| অডিট টীম | ঃ | ১॥ জনাব শীরিন সুলতানা, পরিচালক, দলনেতা।<br>২॥ জনাব মোঃ আবদুর রব, অডিট এন্ড একাউন্টস অফিসার, সদস্য।<br>৩। জনাব নন্দলাল দাস, অডিট এন্ড একাউন্টস অফিসার, সদস্য<br>(২২/৫/২০০৮ হতে ১৯/৬/০৮ পর্যন্ত)<br>৪। জনাব সাইদুল হোসেন,এস এ এস সুপারিনটেনডেন্ট,সদস্য<br>(২২/৫/২০০৮ হতে ১৯/৬/০৮ পর্যন্ত)<br>৫॥ জনাব মোঃ ইয়াহিয়া, এস এ এস সুপারিনটেনডেন্ট, সদস্য |
| অডিট রিপোর্ট প্রণয়ন | ঃ | জনাব মোঃ আবদুর রব, অডিট এন্ড একাউন্টস অফিসার। |
| অডিট রিপোর্টের তত্ত্বাবধান | ঃ | জনাব মোঃ কামাল আনোয়ার, পরিচালক। |
| সার্বিক তত্ত্বাবধান | ঃ | জনাব মোঃ আবদুল বাছেত খান, মহাপরিচালক। |

## ম্যানেজমেন্ট ইস্যু ঃ

- রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠান সমূহের বিধি বহির্ভূত রেয়াত গ্রহণ
- রাজস্ব প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ না করা।

## অনিয়ম ও ক্ষতিসমূহের কারণ ঃ

- মূসক আইন ও বিধিমালা'১৯৯১ এর ধারা/বিধি সমূহ এবং জাতীয় রাজস্ব বোর্ডের অন্যান্য আদেশ/নির্দেশ যথাযথভাবে পরিপালন না করা;
- স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে সরকারের প্রাপ্য মূসক/মূসক সংশ্লিষ্ট করাদি আদায় না করা;
- মূসক/মূসক সংশ্লিষ্ট অন্যান্য রাজস্ব সঠিকভাবে আদায় না করা ;
- বিধি বহির্ভূতভাবে রেয়াত প্রদান।

## অডিটের সুপারিশ ঃ

- মূসক আইন ও বিধিমালা'১৯৯১ এর ধারা/বিধি সমূহ এবং জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক অন্যান্য আদেশ/ নির্দেশ যথাযথভাবে পরিপালন করা প্রয়োজন।
- স্থানীয়ভাবে উৎপাদিত পণ্যের উপর সরকার কর্তৃক নির্ধারিত হারে সরকারের প্রাপ্য মূল্য সংযোজন কর (মূসক)/মূসক সংশ্লিষ্ট করাদি নিরূপণ করা/ আদায় করা আবশ্যক।
- অনিয়মের সাথে জড়িত ব্যক্তি/ব্যক্তিবর্গের দায়-দায়িত্ব নির্ধারণ পূর্বক রাজস্ব আদায় নিশ্চিত করা প্রয়োজন।
- সরকারি প্রাপ্তি কোষাগারে জমা করা আবশ্যক।
- উর্দ্ধতন কর্তৃপক্ষের তদারকি জোরদার করা প্রয়োজন।
- অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ব্যবস্থা জোরদার করা প্রয়োজন।

# দ্বিতীয় অধ্যায়

(অডিট অনুচ্ছেদসমূহ)

অনুচ্ছেদ নং- ১

শিরোনামঃ **আগষ্ট,২০০৬ হতে মার্চ,২০০৭ পর্যন্ত সময়ের সিমকার্ড/রিমকার্ড এর বিক্রয়মূল্যের উপর সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করায় ৭৪১,৬১,০০,৫৪৩/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে মোবাইল টেলিফোন কোম্পানী সমূহের Annual Certified Accounts, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় পরিলক্ষিত হয় যে, সিমকার্ড/রিমকার্ড এর বিক্রয়মূল্যের উপর সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর পরিশোধ না করায় ৭৪১,৬১,০০,৫৪৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে- যা আদায়যোগ্য।

জাতীয় রাজস্ব বোর্ডের ৮/৬/২০০৬ তারিখের ০৬/মূসক/২০০৬ সংখ্যক আদেশ মোতাবেক সিমকার্ড সরবরাহকারীদের ক্ষেত্রে ১৪৪৭/৯৭ টাকা ট্যারিফ মূল্য নির্ধারণ করা হয়েছে । উল্লিখিত ট্যারিফ মূল্যের ভিত্তিতে মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর তৃতীয় তফসীলের ২য় অংশে সেবার কোড এস ১২.০০ মোতাবেক ৩৫% হারে সম্পূরক শুল্ক এবং ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদেয় । কিন্তু এক্ষেত্রে ৪টি প্রতিষ্ঠান কর্তৃক আগষ্ট,২০০৬ হতে মার্চ,২০০৭ পর্যন্ত সময়ের সিমকার্ড/ রিমকার্ড বিক্রয়ের বিপরীতে সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর প্রদান করা হয়নি। উল্লেখ্য যে, ৪টি প্রতিষ্ঠান উক্ত সময়ের পূর্বের এবং পরবর্তী সময়ের সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর যথারীতি পরিশোধ করে আসছে।

বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '১' সংযুক্ত ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ রীট মামলার কারণে উত্থাপিত আপত্তির সময়ে সীম কার্ডের উপর সম্পূরক শুল্ক ও মূসক পরিশোধ করা হয়নি ।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব যথার্থ নয় । কারণ হাই কোর্টের রীট সংক্রান্ত আদেশ আপিল বিভাগ কর্তৃক স্থগিত করা হয়েছে এবং ট্যারিফ মূল্যের আদেশটি বাতিল করা হয়নি । ফলে উল্লিখিত সময়ের সম্পূরক শুল্ক ও মূল্য সংযোজন কর আদায়যোগ্য ।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ২

শিরোনামঃ **সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কম কর্তন বা কর্তন না করায় ২০৬,০৭,১৬,১০৩/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ নিরীক্ষাকালে বিভিন্ন লিমিটেড কোম্পানী, ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সার্টিফাইড একাউন্টস, মাসিক দাখিল পত্র, সরকারি কোষাগারে জমার চালান সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে বিভিন্ন সেবা গ্রহনের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কম কর্তন বা কর্তন না করায় ২০৬,০৭,১৬,১০৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "২" দ্রষ্টব্য।

- মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ধারা ৬ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এস আরও নং-১৬৯-আইন/২০০৪/৪১৫ মোতাবেক বিভিন্ন সেবা গ্রহনের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে । কিন্তু এ ক্ষেত্রে যথাযথ ভাবে মূল্য সংযোজন কর কর্তন পূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি। উৎসে মূল্য সংযোজন কর আরোপযোগ্য পণ্য যে ভাবেই ক্রয় করা হোক না কেন, মূল্য সংযোজন কর কর্তন করতে হবে।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কতিপয় প্রতিষ্ঠানের দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হয়েছে বিধায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৩

শিরোনামঃ **কোনরূপ প্রমাণক ব্যতীত রেয়াত গ্রহণের ফলে ৮৮,১৯,০৪,৫৩১/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে বৃটিশ আমেরিকান টোবাকো (বাংলাদেশ) লিঃ এবং ইনসেপ্টা ফার্মা লিঃ এর মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- কোনরূপ প্রমাণক ব্যতীত প্রতিষ্ঠান দুটি কর্তৃক ৮৮,১৯,০৪,৫৩১/- টাকা রেয়াত গ্রহণ করা হয়েছে । অডিট চলাকালে বারবার অনুরোধ করা সত্বেও ভ্যাট কর্তৃপক্ষ কোনরূপ প্রমাণক উপস্থাপন করেনি। রাজস্ব আদায়কারী হিসেবে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের মূল্য ঘোষণা পত্র (মূসক-১), মাসিক দাখিলপত্র, মূসক চালান, ক্রয় হিসাব, উৎপাদন ও বিক্রয় হিসাব, চলতি হিসাবসহ অন্যান্য প্রয়োজনীয় প্রমাণক (যা মূসক আইন ও বিধি,১৯৯১ অনুযায়ী সরকারি সম্পত্তি হিসাবে গণ্য) কাষ্টমস এক্সাইজ ও ভ্যাট কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষণপূর্বক অডিটে উপস্থাপন করা আবশ্যক। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '৩' দ্রষ্টব্য।
- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১এর ৯ ধারা মোতাবেক করযোগ্য পণ্যের সরবরাহকারী, ব্যবসায়ী বা করযোগ্য সেবা প্রদানকারী প্রতি কর মেয়াদে তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা প্রদত্ত সেবার উপর প্রদেয় উৎপাদন করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করতে পারবেন । কিন্তু পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠান দু'টি কর্তৃক কিসের ভিত্তিতে, কোন পণ্য আমদানী বা ক্রয়ের ক্ষেত্রে রেয়াত গ্রহণ করা হয়েছে তার প্রমাণক পাওয়া যায়নি ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয় এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৪

শিরোনামঃ **ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত সার্ভিস/সেবার বিপরীতে মূল্য সংযোজন কর কম প্রদান করায় ৫৮,৮৫,৬১,৭৭৫/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে পরিশিষ্টে বর্ণিত ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সার্টিফাইড একাউন্টস, মাসিক দাখিলপত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে সার্ভিস/সেবা খাতের বিপরীতে মূল্য সংযোজন কর ৫৮,৮৫,৬১,৭৭৫/- টাকা কম প্রদান করা হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট - ৪- দ্রষ্টব্য।

- জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এস আর ও নং-১৭৩-আইন/২০০৪/৪১৯ মোতাবেক এইচ এস কোড এস ৫৬.০০ ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহকে প্রদত্ত সেবার বিনিময়ে প্রাপ্ত সমুদয় কমিশন, ফী বা চার্জের উপর ১৫% হারে মূল্য সংযোজন কর প্রদান করতে হবে । কিন্তু এ ক্ষেত্রে বার্ষিক হিসাব অনুযায়ী মূল্য সংযোজন কর প্রদান করা হয়নি । ফলে সরকারের উল্লিখিত পরিমাণ রাজস্ব ক্ষতি হয়েছে ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কতিপয় প্রতিষ্ঠানের বিপরীতে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে। কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হওয়ায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৫

শিরোনামঃ **প্রকৃত বিক্রয় অপেক্ষা কম বিক্রয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় ৪৫,৪৭,৯১,২৫০/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে পরিশিষ্ট- ৫ তে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সার্টিফাইড হিসাব, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, প্রকৃত বিক্রয় অপেক্ষা কম বিক্রয় প্রদর্শন করে মূল্য সংযোজন কর প্রদান করায় ৪৫,৪৭,৯১,২৫০/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '৫' দ্রষ্টব্য ।

- পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠানের বার্ষিক সার্টিফাইড হিসাবে যে বিক্রয়মূল্য প্রদর্শন করা হয়েছে, মূসক-এর মাসিক দাখিল পত্রে (মূসক-১৯) তার চেয়ে কম পরিমাণে বিক্রয় দেখানো হয়েছে । ফলে মূল্য সংযোজন কর কম প্রদান করা হয়েছে এবং সরকারি রাজস্বের ক্ষতি করেছে ।
- কোম্পানী আইন, ১৯৯৪ মোতাবেক প্রতিটি কোম্পানীকে তার ঘোষিত আর্থিক বছর অনুযায়ী হিসাব সংরক্ষণ করে সি,এ কোম্পানী কর্তৃক যাচাইপূর্বক সরকারি দপ্তর সমূহে দাখিল করতে হবে । ফলে বার্ষিক সার্টিফাইড হিসেবে- ই হচ্ছে একটি প্রতিষ্ঠানের আয়-ব্যয়ের প্রকৃত হিসাব । এক্ষেত্রে বার্ষিক সার্টিফাইড হিসাবে বিক্রয় বাবদ যে পরিমাণ অর্থ প্রাপ্তি হিসাবে দেখানো হয়েছে, মূসক এর মাসিক রিটার্ণে (মূসক-১৯) তার সাথে পার্থক্য হওয়ার অবকাশ নেই ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কতিপয় প্রতিষ্ঠানের দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হয়েছে বিধায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৬

শিরোনামঃ **স্থানীয়ভাবে ক্রয় বা আমদানীকৃত কাঁচামালের মূল্য বৃদ্ধি সত্ত্বেও মূল্য ঘোষণার সংশোধনী বা পুনঃ মূল্য ঘোষণা প্রদান না করে বর্দ্ধিত মূল্যে উপকরণ ক্রয় দেখিয়ে রেয়াত গ্রহণ করায় ৪২,৬২,০৯,১১৬/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে পরিশিষ্ট-৬ তে বর্ণিত প্রতিষ্ঠানসমূহের উপকরণ ক্রয়, ব্যবহার , উৎপাদন হিসাব , অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, মূসক-১, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- সংশ্লিষ্ট প্রতিষ্ঠান কর্তৃক ঘোষিত এবং ভ্যাট কর্তৃপক্ষ কর্তৃক অনুমোদিত মূল্য ঘোষণাপত্রে (মূসক-১) স্থানীয় ক্রয় বা আমদানীকৃত কাচামালের মূল্য প্রদর্শন করে উৎপাদিত পণ্যের সম্পূরক শুল্ক বা মূসক আরোপযোগ্য মূল্য নির্ধারণ করা হয়েছে ।
- কিন্তু পরবর্তী সময়ে স্থানীয় ক্রয় বা আমদানীকৃত উক্ত কাচামালের মূল্য বৃদ্ধি পাওয়া সত্ত্বেও মূল্য ঘোষণা অনুমোদনকালে দাখিলকৃত ঘোষণার সংশোধনী প্রদান বা পুনঃ মূল্য ঘোষণা প্রদান না করে উপকরণ মূল্যের বর্দ্ধিত হারে রেয়াত গ্রহণ করা হয়েছে। যা বিধি সম্মত হয়নি। ফলে ৪২,৬২,০৯,১১৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '৬' দ্রষ্টব্য।
- যেহেতু করযোগ্য পণ্যের মূল্য ভিত্তি নির্ধারণে বর্দ্ধিত মূল্য অন্তর্ভুক্ত করা হয়নি সেহেতু উপকরণের বর্দ্ধিত মূল্যে রেয়াত প্রাপ্য নয়। মূল্য সংযোজন কর বিধি, ১৯৯১ এর ৩(২) উপবিধি মোতাবেক ঘোষিত মূল্যের কোন পরিবর্তনের ক্ষেত্রে নতুন মূল্য ভিত্তি ঘোষণা বা সংশোধনী প্রদান করে নতুনভাবে বা সংশোধিত মূল্য ভিত্তি অনুযায়ী প্রদেয় কর নিরূপন ও পরিশোধ করতে হবে।
- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১এর ধারা ৫(২) অনুযায়ী যে মূল্যের ভিত্তিতে উপকরণ কর রেয়াত গ্রহণ করা হয় সেই মূল্যের ভিত্তিতে সরবরাহকৃত পণ্যের মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্য নিরূপন করতে হবে ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কতিপয় প্রতিষ্ঠানের দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হয়েছে বিধায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৭

**শিরোনামঃ** **পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও উপকরণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় ৪০,৪৪,৪৩,৬৭৭/- টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ ঃ** বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে বৃটিশ আমেরিকান টোবাকো কোম্পানী লিঃ, ঢাকা টোবাকো কোম্পানী লিঃ, বাটা সু কোম্পানী লিঃ, শবনম ভেজিটেবল অয়েল কোম্পানী লিঃ এর উপকরণ ক্রয়, ব্যবহার, উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, চলতি হিসাব, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও উপকরণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় ৪০,৪৪,৪৩,৬৭৭/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '৭' দ্রষ্টব্য।
- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ৯ ধারার (১) (ছছ) উপধারা মোতাবেক পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত নয় এমন কোন সেবা/উপকরণের বিপরীতে পরিশোধিত মূল্য সংযোজন কর রেয়াত হিসাবে গ্রহণ করা যায় না ।
- আলোচ্য ক্ষেত্রে উল্লিখিত প্রতিষ্ঠানসমূহের মূল্য ঘোষণা পত্রে (মূসক-১) রেয়াত গৃহীত কোন উপকরণের নাম পাওয়া যায়নি । ফলে কোন উপকরণ/সেবা পণ্যের করযোগ্য মূল্য ভিত্তির মধ্যে অন্তর্ভুক্ত না থাকা সত্ত্বেও উপকরণ দেখিয়ে মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ৯ ধারার (ছছ) উপধারার পরিপন্থীভাবে রেয়াত গ্রহনের কোন অবকাশ নেই।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও আপত্তিকৃত অর্থ আদায় বা সমন্বয় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৮

শিরোনামঃ **প্রসেসিং ফ্যাক্টরী হতে প্রক্রিয়াজাতকৃত তামাক বিক্রয়কালে বিক্রয়মূল্যের উপর মূল্য সংযোজন কর প্রদান না করায় ৩৩,৭২,৪৭,৬২৫/৮৫ টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে সিগারেট উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের উপকরণ ক্রয়, ব্যবহার, উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, মূসক-১, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহ সিগারেট উৎপাদনে ব্যবহৃত তামাক আমদানী ও স্থানীয়ভাবে ক্রয় করে থাকে । প্রতিটি ব্রান্ডের সিগারেট উৎপাদনের ক্ষেত্রে স্থানীয়ভাবে ক্রয়কৃত তামাক ও আমদানীকৃত তামাক মিশ্রণ করে ব্যবহার করা হয় । কিন্তু প্রক্রিয়াজাতকৃত/স্থানীয়ভাবে উৎপাদিত তামাক (Un manufactured Tobacco/ H.S. Code 2401.20.00 & 2401.30.00 এর আওতাধীন) ভ্যাট আরোপযোগ্য পণ্য হওয়া সত্ত্বেও প্রসেসিং ফ্যাক্টরী হতে বিক্রয়কালে বিক্রয় মূল্যের উপর ভ্যাট প্রদান করা হচ্ছে না। ফলে সরকারের ৩৩,৭২,৪৭,৬২৫/৮৫ টাকা রাজস্ব ক্ষতি হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট -৮-দ্রষ্টব্য।

- প্রক্রিয়াজাত (Processed) তামাক Un manufactured Tobacco/ H.S. Code 2401.20.00 & 2401.30.00 এর আওতাধীন পণ্য হওয়ায় প্রসেসিং ফ্যাক্টরী হতে সিগারেটের ফ্যাক্টরী স্থলে তামাক সরবরাহের উপর মূসক আইন,১৯৯১ এর ৩(১) উপধারা মোতাবেক ১৫% হারে মূসক ধার্য ও আদায়যোগ্য । এ ক্ষেত্রে ৫(২) ধারার ভিত্তিতে বিধি ৩(১) মোতাবেক মূল্য ভিত্তি ঘোষণা এবং মূসক চালান-১১ এর মাধ্যমে বিক্রয় ও মূল্য সংযোজন কর প্রদান আবশ্যক ।
- অর্থ আইন,২০০৪ এর ১৬ নং আইনের মাধ্যমে এর ১ম তফশীল থেকে Un manufactured Tobacco বিলুপ্ত হয়। ফলে ১ জুলাই,২০০৪ তারিখ থেকে তামাক পাতা প্রসেসিং কার্যক্রম মূল্য সংযোজন কর আরোপযোগ্য ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ পত্র নং-৭/এলটিইউ-মূসক(৪৩)/স্থা:রা:অ:/০৭/৩০৭২ তারিখ-১৮/১০/২০০৭এর মাধ্যমে জাতীয় রাজস্ব বোর্ডের মতামত চাওয়া হয়েছে । এ বিষয়ে জাতীয় রাজস্ব বোর্ড হতে সকল কমিশনারেটে মতামত চাওয়া হয়েছে । বোর্ডের পরবর্তী নির্দেশনা পাওয়া গেলে মতামত প্রদান করা হবে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয় । কারণ সরকারি রাজস্ব ক্ষতির বিষয়ে দ্রুত যথাযথ পদক্ষেপ গ্রহণ করা আবশ্যক ছিল।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ৯

শিরোনামঃ **প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শন করায় মূল্য সংযোজন কর বাবদ ৬,৮৫,৬৩,৭৩৯/- টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে পন্য উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহের উপকরণ ক্রয়, ব্যবহার , উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, মূসক-১, ঔষধ প্রশাসন কর্তৃক অনুমোদিত এনেক্সার, মূল্য তালিকা, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- প্রধান উপকরণ দ্বারা যে পরিমাণ পণ্য/ঔষধ উৎপাদন যোগ্য ছিল তার চেয়ে অনেক কম পরিমানের পণ্য/ঔষধ উৎপাদন দেখানো হয়েছে। ফলে প্রকৃত উৎপাদন অপেক্ষা কম উৎপাদন প্রদর্শনের কারণে মূল্য সংযোজন কর বাবদ ৬,৮৫,৬৩,৭৩৯/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে ।বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট ' ৯' দ্রষ্টব্য।
- জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/১৯৯৯ তারিখের নথি নং- ২(৪)-মূসক/নীঃবাঃ/৯৫/ ১৮৭ মোতাবেক ঔষধের মূল্য ঘোষণার ক্ষেত্রে ঔষধ প্রশাসন পরিদপ্তর ক্ষমতা প্রাপ্ত সরকারি প্রতিষ্ঠান । বাংলাদেশের অভ্যন্তরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান সমূহের ঔষধের মূল্য ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক নির্ধারণ করা হয় । এ ক্ষেত্রে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুমোদিত মূল্যে কোন প্রতিষ্ঠান কর্তৃক মূল্য ঘোষণা প্রদান করা হলে তা মূল্য সংযোজন কর আইনের ৫(২) ধারার সাথে সংগতিপূর্ণ কিনা তা পরীক্ষা ব্যতিরেকেই মূসক আরোপের ভিত্তি মূল্য হিসাবে গ্রহণ, উৎপাদন, বিক্রয় করতে হবে।
- অন্যান্য পণ্য উৎপাদনের ক্ষেত্রে মূল্য সংযোজন কর আইন,১৯৯১ এর ৫(২) ধারা মোতাবেক ভ্যাট বিভাগীয় অফিসে মূল্য ঘোষণা প্রদান করতে হবে এবং ঘোষণা মোতাবেক উৎপাদন ও বিক্রয় করতে হবে ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কতিপয় প্রতিষ্ঠানের দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হয়েছে বিধায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১০

**শিরোনাম ঃ** **জ্বালানী তেলের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তন না করায় ৯৮,৫৮,৩৩৩/- টাকা রাজস্ব ক্ষতি ।**

**বিবরণ ঃ** বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে বিভিন্ন লিমিটেড কোম্পানী, ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রতিষ্ঠান সমূহের মাসিক দাখিলপত্র, বার্ষিক সার্টিফাইড একাউন্টস, উৎসে মূল্য সংযোজন কর কর্তনের বিবরনী সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- পরিশিষ্টে বর্ণিত প্রতিষ্ঠান সমূহ কর্তৃক জ্বালানী তেলের উপর উৎসে মূল্য সংযোজন কর কর্তনযোগ্য হওয়া সত্ত্বেও কর্তন না করায় ৯৮,৫৮,৩৩৩/-টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১০" দ্রষ্টব্য ।

- জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-০৬/মূসক/২০০২ তাং ৩০/০৯/২০০২ মোতাবেক সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত সংস্থা, এনজিও, ব্যাংক, বীমা, কোম্পানী কর্তৃক জ্বালানী তেলের মূল্য পরিশোধকালে জ্বালানী তেলের মূল্যের উপর নীট ২.২৫% হারে যোগানদার সেবার উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর গণনা পূর্বক বিল ( জ্বালানী তেলের মূল্য + নীট ২.২৫%) অনুমোদন করবেন । এরপর জ্বালানী তেলের মূল্য যোগানদারকে পরিশোধ এবং নীট ২.২৫% হারে নিরুপিত মূল্য সংযোজন কর আলাদাভাবে সরকারী ট্রেজারীতে জমা করতে হবে । কিন্তু এ ক্ষেত্রে তা করা হয়নি ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** কতিপয় প্রতিষ্ঠানের দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে এবং কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্র বিধায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১১

শিরোনাম ঃ **চিনির উপর মূল্য সংযোজন কর প্রযোজ্য না থাকা সত্ত্বেও চিনি ক্রয় দেখিয়ে অনিয়মিতভাবে ৪৯,৭২,২৩৭/- টাকা রেয়াত গ্রহণ করায় রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে আকিজ ফুড এন্ড বেভারেজ লিঃ রেজিঃ নং- ৫০৫১০০২৩৪৬ এর উপকরণ ক্রয়, ব্যবহার, উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষনা পত্র, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- চিনির উপর ভ্যাট প্রযোজ্য না থাকা সত্ত্বেও চিনি ক্রয় দেখিয়ে অনিয়মিতভাবে ৪৯,৭২,২৩৭/- টাকা রেয়াত গ্রহণ করা হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট "১১' দ্রষ্টব্য।
- জাতীয় রাজস্ব বোর্ডের ৮/৬/২০০৬ তারিখের এস আর ও নং-১৩১-আইন/ ২০০৬/ ৪৫৯-মূসক এর মাধ্যমে আমদানী ও উৎপাদন পর্যায়ে চিনির উপর মূল্য সংযোজন কর অব্যাহতি প্রদান করা হয়েছে। এক্ষেত্রে চিনির উপর মূল্য সংযোজন কর প্রযোজ্য নয় । ফলে চিনি ক্রয়কালে মূল্য সংযোজন কর প্রদান এবং রেয়াত গ্রহণের কোন অবকাশ নেই।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ নিরীক্ষা জিজ্ঞাসায় উত্থাপিত আপত্তিটি যুক্তিযুক্ত ও আদায়যোগ্য বিধায় দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবীনামা জারী করাই যথেষ্ট নয়। আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত রাজস্ব ক্ষতির টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১২

শিরোনাম ঃ **সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী প্রতিষ্ঠান কর্তৃক নির্ধারিত হার অপেক্ষা কম হারে উৎসে মূল্য সংযোজন কর কর্তন করায় ১৩,০৯,০৩১/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে ব্যাংকিং ও নন-ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সার্টিফাইড একাউন্টস, মাসিক দাখিল পত্র, সরকারি কোষাগারে জমার চালান সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর নির্ধারিত হার অপেক্ষা কম হারে কর্তন করায় ১৩,০৯,০৩১/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট-১২ - দ্রাষ্টব্য।

- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ধারা ৬ এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এস আরও নং-১৬৯-আইন/২০০৪ /৪১৫ মোতাবেক বিভিন্ন সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে মূল্য সংযোজন কর কর্তন করে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে ।
- কিন্তু এ ক্ষেত্রে যথাযথহারে মূল্য সংযোজন কর কর্তনপূর্বক সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়নি । যা মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ৬ ধারা এবং জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/২০০৪ তারিখের এস আরও নং-১৭৩-আইন/ ২০০৪/ ৪১৯ মূসক এর পরিপন্থী ।
- উল্লিখিত আদেশের মাধ্যমে প্রতিটি সেবার ক্ষেত্রে মূল্য সংযোজন কর নির্ধারণের ভিত্তি ও নীট মূল্য সংযোজন করের হার নির্ধারণ করে দেয়া হয়েছে। ফলে কম হারে মূসক কর্তনের কোন অবকাশ নেই ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ কতিপয় প্রতিষ্ঠানের বিপরীতে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে। কতিপয় প্রতিষ্ঠান ইতিমধ্যে বৃহৎ করদাতা ইউনিট থেকে অন্য কমিশনারেটের অধিক্ষেত্রে স্থানান্তরিত হওয়ায় জবাব প্রদানের জন্য অবহিত করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। অপরদিকে স্থানান্তরিত অন্যান্য কমিশনারেট সমূহ ও জাতীয় রাজস্ব বোর্ডের আওতাভুক্ত এবং অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ উল্লিখিত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৩

শিরোনাম ঃ **অন্য প্রতিষ্ঠান থেকে ধার গ্রহণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় ৯,৭৯,৯৫৪/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে মেসার্স সেভেন সার্কেল সিমেন্টস লিঃ এর উপকরণ ক্রয়, ব্যবহার, উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, চলতি হিসাব, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- ১০/৭/০৬ তারিখে অন্য প্রতিষ্ঠান থেকে ধার গ্রহণ দেখিয়ে রেয়াত গ্রহণ করায় ৯,৭৯,৯৫৪/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে।
- জাতীয় রাজস্ব বোর্ডের ৩/৮/২০০৬ তারিখের নং-০২/মূসক/২০০৬ মোতাবেক কোন কারখানার কাঁচামাল অন্যত্র স্থানান্তরের পূর্বে এর মূল্য ঘোষণা প্রদান করতে হবে এবং এর ভিত্তিতে ১৫% হারে মূসক পরিশোধ পূর্বক মূসক-১১ এর মাধ্যমে কাচামাল স্থানান্তর করতে হবে ।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও আপত্তিকৃত অর্থ আদায় বা সমন্বয় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৪

শিরোনাম ঃ **অন্য প্রতিষ্ঠানের নামে আমদানীকৃত পণ্যের বিপরীতে রেয়াত গ্রহণ করায় ৮,৩৯,৭৮৫/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লিঃ, রেজিঃ নং-৫১৭১০০১৪১৪ এর উপকরন ক্রয়, ব্যবহার, বিল অব এন্ট্রি, চলতি হিসাব, উৎপাদন হিসাব, মূল্য তালিকা, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- অন্য প্রতিষ্ঠানের নামে আমদানীকৃত পণ্যের বিপরীতে রেয়াত গ্রহণ করায় ৮,৩৯,৭৮৫/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে । বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '১৩' দ্রষ্টব্য।
- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ৯ ধারার (১) (ঞ) উপধারা মোতাবেক কর যোগ্য পণ্যের সরবরাহকারী,ব্যবসায়ী বা সেবা প্রদানকারী প্রতি কর মেয়াদে তৎকর্তৃক সরবরাহকৃত পণ্য বা সেবার উপর প্রদেয় উৎপাদন করের বিপরীতে উপকরণ কর রেয়াত গ্রহণ করতে পারবেন । অন্য কোন প্রতিষ্ঠান বা নিবন্ধন সংখ্যা সম্বলিত প্রতিষ্ঠানের বিল অব এন্ট্রি বা চালান পত্র বা আমদানীকৃত পণ্যের বিপরীতে রেয়াত গ্রহণ করা যায় না ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও আপত্তিকৃত অর্থ আদায় বা সমন্বয় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং- ১৫

শিরোনামঃ **অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য বিক্রয় প্রদর্শন করায় ৭,৮৩,৪১৩/-টাকা রাজস্ব ক্ষতি ।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে স্কয়ার ফার্মাসিউটিক্যালস লি:,রেজি: নং-৫১৭১০০১৪১৪ এর উপকরন ক্রয়, ব্যবহার, উৎপাদন হিসাব, অনুমোদিত মূল্য ঘোষণা পত্র, মূসক-১, ঔষধ প্রশাসন কর্তৃক অনুমোদিত এনেক্সার, মূল্য তালিকা, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- অনুমোদিত মূল্য অপেক্ষা কম মূল্যে পণ্য খালাস করার কারণে ভ্যাট বাবদ ৭,৮৩,৪১৩/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট '১৪ দ্রষ্টব্য।
- ঔষধ প্রশাসন পরিদপ্তরের ১১/১০/২০০৫ তারিখের নং- ডিএ/এম আর পি/১১/১/২০০২/৮৩৪৭ নং স্মারকের মাধ্যমে সিপ্রোসিন-২৫০ এমজি ট্যাবলেট এর প্রতিটির মূল্য ৭.০৬ টাকা হারে অনুমাদন করা হয় । কিন্তু ৪.৯৮ টাকা হারে বিক্রয় দেখিয়ে মূসক প্রদান করা হয়েছে । ফলে মূল্য সংযোজন কর (মূসক) বাবদ উল্লেখিত পরিমাণ রাজস্ব ক্ষতি সাধিত হয়েছে ।
- জাতীয় রাজস্ব বোর্ডের ১০/৬/১৯৯৯ তারিখের নথি নং- ২(৪)-মূসক/নী:বা:/৯৫/১৮৭ মোতাবেক ঔষধের মূল্য নির্ধারণের ক্ষেত্রে ঔষধ প্রশাসন পরিদপ্তর ক্ষমতা প্রাপ্ত সরকারি প্রতিষ্ঠান। বাংলাদেশের অভ্যন্তরে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠান সমূহের ঔষধের মূল্য ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক নির্ধারণ করা হয়। এ ক্ষেত্রে ঔষধ উৎপাদনকারী প্রতিষ্ঠানসমূহ কর্তৃক অনুমোদিত মূল্য ঘোষণা প্রদান করা হলে তা মূল্য সংযোজন কর আইনের ৫(২) ধারার সাথে সংগতিপূর্ণ কিনা তা পরীক্ষা ব্যতিরেকেই মূসক আরোপের ভিত্তি মূল্য হিসাবে গ্রহণ করতে হবে । ফলে ভ্যাট বিভাগীয় অফিসে মূল্য ঘোষণা প্রদান করা হলেও ঔষধের মূল্য ঔষধ প্রশাসন পরিদপ্তর কর্তৃক অনুমোদিত মূল্যের কম বা বেশী হারে অনুমোদনের ক্ষমতা ভ্যাট বিভাগীয় কর্তৃপক্ষের নেই ।

অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ প্রতিষ্ঠানের বক্তব্য গ্রহণযোগ্য না হওয়ায় প্রতিষ্ঠানের বিরুদ্ধে দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

নিরীক্ষার মন্তব্য ঃ জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবীনামা জারী করাই যথেষ্ট নয়। আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

নিরীক্ষার সুপারিশ ঃ আপত্তিকৃত রাজস্ব ক্ষতির টাকা আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৬

শিরোনাম ঃ **ঢাকা টোবাকো ইন্ডাষ্ট্রিজ লিঃ কর্তৃক উৎপাদন উপকরণ ধার পরিশোধ দেখিয়ে ক্রয়/উৎপাদন রেজিস্টারে ব্যয় দেখানোর কারণে ৬,৪৪,৮৯৭/- টাকা রাজস্ব ক্ষতি।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে ঢাকা টোবাকো ইন্ডাষ্ট্রিজ লিঃ ,রেজিঃ নং-৫১৩১০০০২৪০ এর হিসাব পর্যালোচনায় চলতিহিসাব, ক্রয় রেজিষ্টার, মাসিক দাখিল পত্র সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে,

- ৬/০২/২০০৭ তারিখে ফিল্টার রড উৎপাদনের উপকরণ ১৫৮৭৪ কেজি 'এসিটেট টো' ধার পরিশোধ দেখিয়ে ক্রয়/উৎপাদন রেজিস্টারে ব্যয় দেখানো হয়েছে । ফলে প্রতি কেজি এসিটেট টো-এর মূল্য ২৭০/৮৪ টাকা হারে মূল্য দাড়ায় ৪২,৯৯,৩১৪/- টাকা। এর উপর ১৫% হারে মূল্য সংযোজন কর বাবদ ৬,৪৪,৮৯৭/- টাকা সরকারি রাজস্ব ক্ষতি হয়েছে।
- জাতীয় রাজস্ব বোর্ডের ৩/৮/২০০৬ তারিখের নং-০২/মূসক/২০০৬ মোতাবেক কোন কারখানার কাঁচামাল অন্যত্র স্থানান্তরের পূর্বে এর মূল্য ঘোষণা প্রদান করতে হবে এবং এর ভিত্তিতে ১৫% হারে মূল্য সংযোজন কর পরিশোধ পূর্বক মূসক চালান-১১ এর মাধ্যমে কাচাঁমাল স্থানান্তর করতে হবে । কিন্তু এ ক্ষেত্রে তা প্রতিপালন করা হয়নি । ফলে উক্ত পরিমাণ টাকা সরকারি রাজস্ব ক্ষতি হয়েছে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** দাবীনামা সম্বলিত কারণ দর্শানো নোটিশ জারী করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয়। কারণ রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবী নামা জারী করাই যথেষ্ট নয়। দীর্ঘ সময় অতিক্রান্ত হলেও আপত্তিকৃত অর্থ আদায় বা সমন্বয় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত অর্থ সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

অনুচ্ছেদ নং-১৭

শিরোনাম ঃ **সেবা গ্রহণের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে কর্তনকৃত মূল্য সংযোজন কর বিলম্বে জমা দানের ক্ষেত্রে ২% হারে অতিরিক্ত কর বাবদ ২,৬৫,৯১৬/- টাকা আদায়যোগ্য।**

বিবরণ ঃ বৃহৎ করদাতা ইউনিট (মূল্য সংযোজন কর), ঢাকা কার্যালয়ের ২০০৬-০৭ সনের হিসাব বিশেষ অডিটকালে ব্যাংকিং ও নন ব্যাংকিং সেবা প্রদানকারী প্রতিষ্ঠানসমূহের বার্ষিক সার্টিফাইড একাউন্টস, মাসিক দাখিল পত্র, সরকারি কোষাগারে জমার চালান সহ সরবরাহকৃত তথ্যাদি পর্যালোচনায় দেখা যায় যে, বিভিন্ন সেবা গ্রহনের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক উৎসে কর্তনকৃত মূল্য সংযোজন কর নির্ধারিত সময়ে সরকারি কোষাগারে জমা প্রদান না করে দীর্ঘদিন পরে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়েছে। বিলম্বে জমাদানের কারণে মাসিক ২% হারে অতিরিক্ত কর আদায় না করায় ২,৬৫,৯১৬/- টাকা রাজস্ব ক্ষতি হয়েছে। বিস্তারিত বিবরণ ২য় খন্ডের পরিশিষ্ট **-১৫** -দ্রষ্টব্য।

- মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ এর ৬ ধারার (৪গ) উপধারা মোতাবেক বিভিন্ন সেবা গ্রহনের ক্ষেত্রে সেবা গ্রহণকারী কর্তৃক মূল্য সংযোজন কর কর্তন করে নির্ধারিত সময়ের মধ্যে সরকারি কোষাগারে জমা প্রদান করতে হবে । অন্যথায় মাসিক ২% হারে অতিরিক্ত কর আদায়যোগ্য হবে।

**অডিটি প্রতিষ্ঠানের জবাব ঃ** প্রতিষ্ঠানটির বিরুদ্ধে অডিট আপত্তির অর্থ আদায়ের লক্ষ্যে দাবীনামা সম্বলিত কারণ দর্শানোর নোটিশ জারী করা হয়েছে।

**নিরীক্ষার মন্তব্য ঃ** জবাব গ্রহণযোগ্য নয় । কারণ সরকারি রাজস্ব আদায়ের ক্ষেত্রে শুধুমাত্র দাবীনামা জারী করাই যথেষ্ট নয়। অদ্যাবধি আপত্তিকৃত অর্থ আদায় করা হয়নি।

**নিরীক্ষার সুপারিশ ঃ** আপত্তিকৃত রাজস্ব ক্ষতির অর্থ আদায় করে সরকারি কোষাগারে জমা করা আবশ্যক।

স্বাক্ষরিত

**মোঃ আবদুল বাছেত খান**
মহাপরিচালক
ফোন ঃ ৮৩১৬১৩০।

বাঃসঃমুঃ-২০০৯/১০-৪৯৬০কম/এ-৭৫০ বই-২০১০।